

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.১৪১

তারিখ: ১৯ পৌষ ১৪২৮

০৩ জানুয়ারি ২০২২

বিষয়: কনটেম্পট পিটিশন নং- ৫১৬/২০১৮ (রিট পিটিশন নং- ৫৬৬৭/২০১৫ হতে উদ্ভূত) মামলাটি  
পরিচালনা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৫৬৬৭/২০১৫ হতে উদ্ভূত কনটেম্পট পিটিশন নং-৫১৬/২০১৮ এর আদেশ মোতাবেক রাজ্যমাটিস্থ রাজ্যমাটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষিকা (ইনচার্জ) জনাব রাজশ্রী চাকমা গং বাদী হয়ে সরকারি উচ্চ বিদ্যালয়ের ৯ম গ্রেডে পদ সংরক্ষণের জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৬৬৭/২০১৫ দায়ের করেন।

মহামান্য আদালতে দায়েরকৃত রিট পিটিশন নং- ৫৬৬৭/২০১৫ হতে উদ্ভূত কনটেম্পট পিটিশন নং-৫১৬/২০১৮ এর বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১)-কে নিষ্পত্তি করার জন্য ০৭.১২.২০১৫খ্রি. তারিখে পত্র দেয়া হয়। পরবর্তীতে আপিল বিভাগে ০৯.১১.২০১৭খ্রি. তারিখে সিভিল পিটিশন নং-২০৫৬/২০১৬ দায়ের করা হয়। এ মামলার বিষয়ে গত ০৭.১২.২০১৫ এবং ০৯.১১.২০১৭খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের বিষয়ে অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) কর্তৃক কোন কার্যক্রম গ্রহণ না করায়, বাদীপক্ষ কনটেম্পট মামলায় ০৫ ডিসেম্বর ২০২১ তারিখে নতুন করে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়কে ৯নং বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করেন।

০২। এমতাবস্থায়, যেহেতু মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৫৬৬৭/২০১৫ হতে উদ্ভূত কনটেম্পট পিটিশন নং-৫১৬/২০১৮ এ গত ০৫ ডিসেম্বর ২০২১ তারিখে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ৯নং বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে সেহেতু কনটেম্পট পিটিশন নং-৫১৬/২০১৮ এর বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩-১-২০২২

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

ফোন: ৪১০৫০৯৯৭

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

ইমেইল: law.section2@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.১৪১/১(৪)

তারিখ: ১৯ পৌষ ১৪২৮

০৩ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৩-১-২০২২  
মোঃ সেলিম সিকদার  
সহকারী সচিব